

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
পরিকল্পনা মন্ত্রণালয়
পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ
প্রশাসন-১ শাখা
www.sid.gov.bd

নং-৫২.০০৫.০১৮.০০.০০.২৩৯.১৯৯২-১৪৮

তারিখঃ ০৫ বৈশাখ ১৪২৩
১৮ এপ্রিল ২০১৬

পরিপত্র

বিষয়ঃ মাঠ পর্যায়ে কর্মরত কর্মকর্তা-কর্মচারীদের বিভিন্ন প্রকার ছুটি, পিআরএল ও পেনশন মঞ্জুরির ক্ষমতা বিকেন্দ্রীকরণ।

প্রশাসনে গতিশীলতা আনয়ন এবং সেবার মান উন্নয়নের লক্ষ্যে মহাপরিচালক, বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো, যুগ্ম-পরিচালক, বিভাগীয় পরিসংখ্যান অফিস, উপ-পরিচালক, জেলা পরিসংখ্যান অফিস এবং পরিসংখ্যান কর্মকর্তা, উপজেলা পরিসংখ্যান অফিসে কর্মরত কর্মকর্তা-কর্মচারীদের অর্জিত ছুটি, মাতৃকালীন ছুটি, শ্রান্তিবিনোদন ছুটি, সাধারণ ভবিষ্য তহবিলের অগ্রিম মঞ্জুরি এবং পিআরএল ও পেনশন মঞ্জুরির ক্ষমতা মহাপরিচালক, বিবিএস, যুগ্ম-পরিচালক, বিভাগীয় পরিসংখ্যান অফিস, উপ-পরিচালক, জেলা পরিসংখ্যান অফিস ও পরিসংখ্যান কর্মকর্তা, উপজেলা পরিসংখ্যান অফিসের উপর নিম্নরূপভাবে অর্পণ করা হলো:

ক্র: নং	বিষয়	ক্ষমতা অর্পণের স্তর			
		মহাপরিচালক বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো	যুগ্ম পরিচালক (বিভাগীয় পরিসংখ্যান কার্যালয়)	উপপরিচালক (জেলা পরিসংখ্যান কার্যালয়)	পরিসংখ্যান কর্মকর্তা (উপজেলা পরিসংখ্যান কার্যালয়)
০১।	বিএসআর এর বিধি-১৪৯ ^I এবং নির্ধারিত ছুটি বিধিমালা, ১৯৫৯- এর বিধি-৭ ^{II} অনুযায়ী ব্যক্তিগত/পারিবারিক কারণে ও মেডিকেল সার্টিফিকেটের ভিত্তিতে অনধিক তিন মাস পর্যন্ত গড়বেতনে/অর্ধ গড়বেতনে দেশের অভ্যন্তরে অর্জিত ছুটি মঞ্জুরি।	ক) নিজ দপ্তরের ৪র্থ-৯ম গ্রেডভুক্ত সকল কর্মকর্তা (ক্যাডার ও নন-ক্যাডার) এবং ১০ম- ২০তম গ্রেডভুক্ত সকল কর্মকর্তা ও কর্মচারী। খ) বিভাগীয় ও জেলা পর্যায়ের ৫ম ও ৬ষ্ঠ গ্রেডভুক্ত দপ্তর প্রধান।	ক) নিজ দপ্তরের ৮ম ও ৯ম গ্রেডভুক্ত সকল কর্মকর্তা (ক্যাডার ও নন-ক্যাডার) এবং ১১তম- ২০তম গ্রেডের সকল কর্মচারী। খ) উপজেলা পর্যায়ের ৯ম/১০ম গ্রেডভুক্ত দপ্তর প্রধান।	নিজ দপ্তরের ১০ম-২০ তম গ্রেডভুক্ত সকল কর্মকর্তা ও কর্মচারী।	নিজ দপ্তরের ১১তম- ২০তম গ্রেডভুক্ত সকল কর্মচারী।
০২।	দেশের অভ্যন্তরে ভোগের ক্ষেত্রে শ্রান্তিবিনোদন ছুটি মঞ্জুরি।	ক) নিজ দপ্তরের ৪র্থ-৯ম গ্রেডভুক্ত সকল কর্মকর্তা (ক্যাডার ও নন-ক্যাডার) এবং ১০ম-২০তম গ্রেডভুক্ত সকল কর্মকর্তা ও কর্মচারী। খ) বিভাগীয় ও জেলা পর্যায়ের ৫ম-৬ষ্ঠ গ্রেডভুক্ত দপ্তর প্রধান।	ক) নিজ দপ্তরের ৮ম ও ৯ম গ্রেডভুক্ত সকল কর্মকর্তা (ক্যাডার ও নন-ক্যাডার) এবং ১১তম- ২০তম গ্রেডভুক্ত সকল কর্মচারী। খ) উপজেলা পর্যায়ের ৯ম ও ১০ম গ্রেডভুক্ত দপ্তর প্রধান।	নিজ দপ্তরের ১০ম- ২০তম গ্রেডভুক্ত সকল কর্মকর্তা ও কর্মচারী।	নিজ দপ্তরের ১১তম- ২০ তম গ্রেডভুক্ত সকল কর্মচারী।
৩।	বিএসআর-এর বিধি-১৪৯ এবং বিধি-১৯৭-এর উপবিধি-১ ^{III} অনুযায়ী মাতৃকালীন ছুটি মঞ্জুরি।	ক) নিজ দপ্তরের ৪র্থ-৯ম গ্রেডভুক্ত সকল কর্মকর্তা (ক্যাডার ও নন-ক্যাডার) এবং ১০ম- ২০তম গ্রেডের সকল কর্মকর্তা ও কর্মচারী। খ) বিভাগীয় ও জেলা পর্যায়ের ৫ম-৬ষ্ঠ গ্রেডভুক্ত দপ্তর প্রধান।	ক) নিজ দপ্তরের ৮ম ও ৯ম গ্রেডের সকল কর্মকর্তা (ক্যাডার ও নন-ক্যাডার) এবং ১১তম-২০তম গ্রেডভুক্ত সকল কর্মচারী। খ) উপজেলা পর্যায়ের ৯ম ও ১০ম গ্রেডভুক্ত দপ্তর প্রধান।	নিজ দপ্তরের ১০ম- ২০তম গ্রেডভুক্ত সকল কর্মকর্তা ও কর্মচারী।	নিজ দপ্তরের ১১তম- ২০তম গ্রেডভুক্ত সকল কর্মচারী।

